

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর  
সরকারী কার্য ভবন-০১  
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।

**সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ড**

লন্ডনস্থ ক্ল্যান স্টীমার কোম্পানী এর ক্ল্যান কীথ জাহাজ ১৯৬১ইং সনে ভূমধ্যসাগরে নিমজ্জিত হলে তদানীন্তন ৫১ জন পূর্ব পাকিস্তানী নাবিক প্রাণ হারান। নিহত নাবিকদের জীবন ক্ষতিপূরণ প্রদানের পর উক্ত কোম্পানী নিহত নাবিকদের জীবন ক্ষতিপূরণ প্রদানের পর উক্ত কোম্পানী নিহতদের সন্তানদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য ১৯৬২ ইং সনে এককালীন সাহায্য হিসেবে ১০,০০০ পাউন্ড প্রদান করেন। প্রথম উক্ত টাকা দিয়ে লন্ডনে ট্রেজারী বিল ক্রয় করা হয়। পরবর্তিতে উক্ত মূলধনের পরিমাণ ৪,২০,০০০/- টাকায় উন্নীত হয়। নাবিক কল্যাণ ফান্ড কমিটির ১৫তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সরকারী সমুদ্র পরিবহন অফিসে নাবিকদের লগফাইল হিসাবে রক্ষিত দাবিদারবিহীন অর্থ ২২,৮০,০০০/- টাকা উক্ত খাতে স্থানান্তর করা হয়। লেভী তহবিল পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া নাবিক সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ব্যাংকে রক্ষিত এফডিআর হতে প্রাপ্ত মুনাফা নাবিক সন্তানদের শিক্ষা সহায়তা স্বরূপ বাৎসরিক খোক অনুদান প্রদান করা হয়।

**সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ড পরিচালনা কমিটি নিম্নরূপঃ**

০১।	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সভাপতি
০২।	শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম	সদস্য
০৩।	বিদেশী জাহাজ মালিক সমিতির প্রতিনিধি	সদস্য
০৪।	উপপরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য সচিব

উক্ত কমিটি সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ড এর ডিউ মূলে পরিচালিত হয়ে আসছে। ২০২১-২০২২ অর্থ বছরে উক্ত তহবিল হতে ৬৬(ছেষট্টি) জন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া নাবিক সন্তানকে ৫,৮৯,৫০০/- (পাঁচ লক্ষ ঊননব্বই হাজার পাঁচশত) টাকা শিক্ষা সহায়তা অনুদান প্রদান করা হয়েছে।